

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
ওয়েব সাইট: www.techedu.gov.bd
ই-মেইল: techedu09@gmail.com

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.১৩.০২৭.১৮- ১১৮

তারিখ:- ২৭/১১/২০১৮খ্রিঃ।

প্রাপক: প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
শিক্ষা মন্ত্রণালয়
৪৫, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

বিষয়: পারিবারিক অবসরভাতা ও আনুতোষিক মঞ্জুরী প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের বরাতে জানানো যাচ্ছে যে, অত্র অধিদপ্তরাধীন ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট, ঢাকা এর ক্রাফট ইন্সট্রাক্টর (সপ) জনাব মোঃ মোহর আলী চাকুরীরত অবস্থায় গত ২৯/০৪/২০১৫খ্রিঃ তারিখে মৃত্যুবরণ করেছেন। এতদপ্রেক্ষিতে মরহুমের বিধবা স্ত্রী জনাব কহিনুর বেগম পরিবারের অন্যান্য ওয়ারিশগণের পক্ষে ক্ষমতাপ্রাপ্ত হয়ে নির্ধারিত ফরমে পারিবারিক অবসরভাতা ও আনুতোষিক মঞ্জুরীর আবেদন করেছেন।

২। মৃত কর্মচারীর সর্বশেষ মাসিক মূলবেতন ১২,১৩০/-টাকা। মূলবেতন ১২,১৩০/-টাকার ২০% মহাঘর্ষভাতা ২৪২৬/-টাকাসহ সর্বমোট মূলবেতন ১৪,৫৫৬/-টাকা। তাঁর চাকুরীকাল ২৫ বছরের উর্দ্ধে হওয়ায় পেনশনের হার ৮০% হিসাবে মোট অবসরভাতার পরিমাণ ১১,৬৪৪/৮০ টাকা। মোট অবসরভাতার অর্ধাং (১১,৬৪৪/৮০÷২)=৫,৮২২/৪০/-টাকা। আনুতোষিকের জন্য অবসরভাতার ১ম অর্ধাংশের বিনিময়ে প্রতি ১/- টাকার পরিবর্তে ২৩০/-টাকা হারে মোট আনুতোষিক (৫,৮২২/৪০×২৩০/-)=১৩,৩৯,১৫২/- (তের লক্ষ ঊনচল্লিশ হাজার একশত বায়ান্ন) টাকা প্রাপ্য।

৩। উক্ত কর্মচারীর নিকট বাড়ীভাড়া, গ্যাসবিল, পয়ঃ ও প্রনালী বাবদ ২,৬১,৪৫৩/- (দুই লক্ষ একষট্টি হাজার চারশত তেপাল্ল) টাকা মাত্র সরকারী পাওনা আছেন। উক্ত আনুতোষিক হতে সরকারী পাওনা কর্তন করে (১৩,৩৯,১৫২-২,৬১,৪৫৩/-) =১০,৭৭,৬৯৯/- (দশ লক্ষ সাতাত্তর হাজার ছয়শত নিরানব্বই) টাকা মাত্র এককালীন আনুতোষিক এবং ২৯/০৪/২০১৫খ্রিঃ তারিখ হতে মাসিক নীট ৫,৮২২/- (পাঁচ হাজার আটশত বাইশ) টাকা হারে অবসরভাতা নির্দেশিত হয়ে মঞ্জুরী প্রদান করা হল।

৪। মরহুমের বিধবা স্ত্রী জনাব কহিনুর বেগম এর অনুকূলে পেনশন পরিশোধ আদেশ (সিপিও) জারীর জন্য নিম্নবর্ণিত কাগজপত্রাদি পরবর্তী কার্যার্থে প্রেরণ করা হল।

ক) পেনশন ফরম ২.১	১ কপি
খ) পাসপোর্ট সাইজ ছবি (সত্যায়িত)	২ কপি
গ) মৃত্যু সনদপত্র (পৌরসভা কর্তৃক)	১ কপি
ঘ) শেষ বেতনের সনদপত্র	১ কপি
ঙ) উত্তরাধিকারী কর্তৃক ক্ষমতা অর্পন	২ কপি
চ) উত্তরাধিকারী সনদ ও নন-ম্যারিজ সার্টিফিকেট	১ কপি
ছ) নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ	২ কপি
জ) না-দাবী সনদপত্র	১ কপি
ঝ) জাতীয় পরিচয়পত্র	১ কপি
ঞ) অঙ্গীকারনামা	১ কপি
ট) চাকুরীবহি	১ সেট।

৫। এ আদেশে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

স্বাক্ষরিত/-
(নাজমুন নাহার)
সহকারী পরিচালক-৩
ফোন-০২-৮১৮১২২৫

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.১৩.০২৭.১৮- ১১৮ (৪)

তারিখ:- ২৭/১১/২০১৮খ্রিঃ।

- অবগতির জন্য অনুলিপি দেয়া হল:-
- ১। অধ্যক্ষ, ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট, তেজগাঁও, ঢাকা-১২০৮। তাঁর ১৫/১০/২০১৮খ্রিঃ তারিখের ১৫২৫ স্মারকের বরাতে করা হল।
- ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আই.সি.টি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ৩। জনাব কহিনুর বেগম, স্বামীমৃত-মোঃ মোহর আলী, প্রাক্তন ক্রাফট ইন্সট্রাক্টর (সপ), ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট, ঢাকা। বর্তমান ঠিকানা: মহানগর প্রজেক্ট, ৪নং রোড, ৬৮নং বাসা, ৫ম তলা, রামপুরা, ঢাকা।
- ৪। নথিকপি।

(নাজমুন নাহার)
সহকারী পরিচালক-৩
ফোন-০২-৮১৮১২২৫